

মাদ্রাসা বোর্ড

**২০০৪ সালের পাঠ্যপুস্তক
 মুদ্রণ নিয়ে দুর্নীতির
 পায়তারা**

নিজস্ব বার্তী পরিবেশক : গত বছরের মতো এ বছরও নিয়ম বহির্ভূতভাবে বিনা টেন্ডারে পাঠ্যপুস্তক মুদ্রণের চেষ্টা করছে মাদ্রাসা শিক্ষা বোর্ডের বহুল আলোচিত দুর্নীতিবাজ চক্র। এ ব্যাপারে ইতোমধ্যে এই দুর্নীতিবাজ চক্র তাদের সহযোগী কয়েকটি প্রকাশনা প্রতিষ্ঠানের সঙ্গে একটি গোপন চুক্তি করেছে। মাদ্রাসা বোর্ড সূত্রে এ কথা পাওয়া গেছে।

উল্লেখ্য, চলতি শিক্ষাবর্ষে ব্যবহারের জন্য গত বছর ঘট থেকে দশম শ্রেণীর সকল পাঠ্যপুস্তক নিয়ম বহির্ভূতভাবে বিনা টেন্ডারে ছাপা হয়। তবে বিঘ্নটি ধামাচাপা দেয়ার পাঠ্যপুস্তক : পৃঃ ২ কঃ ৬

পাঠ্যপুস্তক : মুদ্রণ
 (১ম পৃষ্ঠার পর)

কৌশল হিসেবে ২ বছর আগে আক্বান করা মেথাসোলীর্ণ টেন্ডার দেখিয়ে কার্যদেয় দেয়া হয়। ফলে প্রকাশকদের ক্ষুদ্র একটি অংশ এ নিপুল পরিমাণ বই ছাপার দায়িত্ব পায়। এই প্রকাশকরা অত্যন্ত নিম্নমানের কাগজে যোগতেনভাবে বই ছাপে, বই বিক্রির ক্ষেত্রে বোর্ডের নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দাম রাখে এবং নিষিদ্ধ ঘোষিত নোটবই কিনতে ছাত্রছাত্রীদের বাধ্য করে। নোটবই ছাড়া এ বছর মাদ্রাসা বোর্ডের মাধ্যমিক স্তরের বই বিক্রি করা হয়নি। এসব বিষয় নিয়ে দেশের প্রায় সবগুলো জাতীয় দৈনিকে বিস্তারিত সময়ে একাধিক প্রতিবেদন প্রকাশিত হলেও কর্তৃপক্ষ কোন ব্যবস্থা নেয়নি।

মাদ্রাসা বোর্ড সূত্রে জানায়, গত বছরের সফলতাকে পুঁজি করে মাদ্রাসা বোর্ডের সেই দুর্নীতিবাজ চক্র আবার তৎপর হয়ে উঠেছে কিনা টেন্ডারে শুধু তাদের সহযোগী মুদ্রক-প্রকাশকদের দিয়ে ২০০৪ সালের মাধ্যমিক স্তরের বই ছাপানোর জন্য। এ উদ্দেশ্যে গত মার্চ মাসের শেষ সপ্তাহে এই দুর্নীতিবাজ চক্র ও তাদের সহযোগী মুদ্রক-প্রকাশকদের গোপন বৈঠক হয় এবং একটি চুক্তিও সেই হয়। সূত্র জানায়, এক্ষেত্রে মাদ্রাসা বোর্ড নিজস্ব প্রতিদ্বন্দ্বিতা কিছু মুদ্রণ প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করে শুধু তাদের মধ্যেই সমস্ত কাজ বন্টন করবে।

এ ব্যাপারে কয়েকজন প্রকাশক বলেন, 'মাদ্রাসা বোর্ডে বছরের পর বছর একই ধরনের দুর্নীতি ঘটছে। পদস্থ কর্মকর্তাদের পক্ষে পরিবর্তন আনলেও দুর্নীতির প্রতিষ্ঠিত চক্রটিকে প্রতিহত করা সম্ভব হচ্ছে না, বরং এ চক্র সুযোগ বুঝে নতুন পদস্থদেরও আশ্রয় করে ফেলেছে। তারা বলেন, এবতেদায়ি স্তরের মতো মাদ্রাসা বোর্ডের মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক ও জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ডকে দিয়ে মুদ্রণের ব্যবস্থা করলে এই দুর্নীতিবাজ চক্রকে প্রতিহত করা সম্ভব এবং নিয়ম অনুযায়ী পুস্তক প্রকাশ করা সম্ভব।